দৈনিক
ইনকিলাব

তারিখ ...... 3 JUN 2009
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ......

# এবার এসএসসি পাস করা শিক্ষার্থীরা সবাই কলেজে ভর্তি হতে পারবে
## —শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ এ বছর যারা এসএসসি পাস করেছে তারা সবাই কলেজে ভর্তি হতে পারবে। কোন আসন সমস্যা হবে না। তবে অধিকতর ভাল করা শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সমস্যা আছে। আগামী সপ্তাহের মধ্যেই এইচএসসিতে ভর্তির নীতিমালা করা হবে। গত বছরের নীতিমালার সাথে বর্তমান প্রেক্ষাপট, প্রতিষ্ঠান প্রধানসহ বিশেষজ্ঞগণের মতামতকে বিবেচনায় নিয়ে এ নীতিমালা হবে।

গতকাল (মঙ্গলবার) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত ঢাকা মহানগরীর ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের সাথে এক মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, ঢাকা মহানগরীসহ দেশের যেসব শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল আশানুরূপ হচ্ছে না বা ভর্তির জন্য যথেষ্ট সংখ্যক শিক্ষার্থী আকর্ষণ করতে পারছে না—সেসব প্রতিষ্ঠানে শিক্ষা প্রদান পদ্ধতি, মানসম্মত শিক্ষার পরিবেশ, প্রশাসন, মনিটরিং ব্যবস্থা উন্নত করাসহ নানা উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। তিনি ভাল ফলাফল করা প্রতিষ্ঠানসমূহকে তাদের ভাল ফলাফল ও বিরাজমান সুযোগ-সুবিধা তুলে ধরে প্রচারের ব্যবস্থা করার আহ্বান জানিয়েছেন।

সভায় ঢাকা মহানগরীর ২১৬টি প্রতিষ্ঠান প্রধানের মধ্যে ৩৪ জন প্রিন্সিপাল/প্রধান শিক্ষক মতামত প্রদান করেন। গুরুত্বপূর্ণ মতামতসমূহের মধ্যে– ফলাফলের ভিত্তিতে খুব ভালো প্রতিষ্ঠানে জিপিএ-৫ ছাড়াও কোটা করে অপেক্ষাকৃত কম ভাল শিক্ষার্থী ভর্তি করা, স্কুল এন্ড কলেজে নিজস্ব প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী ভর্তি বাধ্যতামূলক করা, শিক্ষা বোর্ডসমূহের ফলাফল প্রকাশ পদ্ধতিতে 'টপ টেন' না রেখে শতকরা ৯০ ভাগ বা তার অধিক পাস এবং যেসব প্রতিষ্ঠান কম মেধাবী শিক্ষার্থী ভর্তি করে ভাল রেজাল্ট করছে তাদের মূল্যায়ন করা, গ্রামীণ ও দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের জন্য ভর্তির কোটা রাখা, বয়সের পদ্ধতির পরিবর্তে গ্রেডভিত্তির সাথে প্রাপ্ত মার্কস বিবেচনা করা, মেডিকেলে ভর্তির মত কেন্দ্রীয় সেল করা, ভর্তি সমস্যা সমাধানে আপাত ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণসহ নানা বিষয় উল্লেখ করা হয়েছে।

সভায় শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর নোমান-উর-রশীদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানগণ, নায়েমের মহাপরিচালক প্রফেসর ড. বায়তুন নাহারসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।